মন্ত্রিপরিষদ বিভাগের ফেব্রুয়ারি ২০১৪ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **ফেব্রুয়ারি ২০১৪** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **০৬ মার্চ ২০১৪**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২০৮	১৭৪	৩৪
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,০৭৩	৮৬৫	২০৮
মোট	**১,২৮১**	**১,০৩৯**	**২৪২**

ক. ২ শূন্য পদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	১	-	৩	১৩	০৯	০৮	৩৪
দুর্নীতি দমন কমিশন	-	-	৭৬	৪৫	৮৬	০১	২০৮*

* সুপারনিউমারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্য পদের নাম	গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	২	-	২	-	-	-	২ জনকে প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি দেওয়া হয়।
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: **নেই।**

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	২	-	০১ ফেব্রুয়ারি ২০১৪ তারিখ গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় অফিসার্স ক্লাব, ঢাকা কর্তৃক আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণ এবং ০৮ ফেব্রুয়ারি ২০১৪ তারিখ গাজীপুর জেলার সদর উপজেলায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণ।
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: **নেই।**

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ-বৎসরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Supporting the Good Governance Programme (SGGP)	-	▪ জুন ২০১৩ পর্যন্ত ব্যয় হয় ৭.২৫ কোটি টাকা (এডিবি এবং জিওবি অর্থায়ন) ব্যয়ের হার ৯৫ শতাংশ। ▪ ফেব্রুয়ারি ২০১৪ মাসে প্রকল্পে কোন ব্যয় হয়নি।	-	-	প্রকল্পের কাজ চলমান রয়েছে।

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশীটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১০টি	২৮.২৬	-	-	১০টি	বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে ১০টি অডিট আপত্তি রয়েছে, যার মধ্যে ৩টি অডিট আপত্তি ২০০৭-১২ অর্থ-বৎসরের। উক্ত ৩টি অডিট আপত্তি মীমাংসার লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে ব্রডসিট জবাব প্রেরণ করা হয়। অবশিষ্ট ০৭টি অডিট আপত্তি মামলা সংক্রান্ত যা ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতের মামলা নং-৭/২০০০-এর আওতায় বিচারাধীন রয়েছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	২৬টি	২৮৫.১২	-	১	২৫টি	ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	**৪০টি**	**১,০১৩.৩৮**	০৪	**০১**	**৩৯টি**	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/ বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বৎসরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	০২
দুর্নীতি দমন কমিশন- ১২	-	-	-	১	১১	৭

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা / এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	পরিবেশ ও জলবায়ু পরিবর্তন: আইনগত প্রেক্ষিত ভেন্যু: বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি (বেলা)	১৬ ফেব্রুয়ারি ২০১৪ হতে ২০ ফেব্রুয়ারি ২০১৪	বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি (বেলা)	১ জন উপসচিব
	২।	১৩তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্স ভেন্যু: বিসিএস প্রশাসন একাডেমী	০২ ফেব্রুয়ারি ২০১৪ হতে ১৩ ফেব্রুয়ারি ২০১৪	জনপ্রশাসন মন্ত্রণালয়	১জন সিনিয়র সহকারী সচিব
	৩।	দ্বিতীয় শ্রেণির কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন কোর্স ভেন্যু: বিয়াম ফাউন্ডেশন	০৯ ফেব্রুয়ারি ২০১৪ হতে ২২ ফেব্রুয়ারি ২০১৪	জনপ্রশাসন মন্ত্রণালয়	৪ জন (১ জন ব্যক্তিগত কর্মকর্তা এবং ৩ জন প্রশাসনিক কর্মকর্তা)

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: নেই।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দ্য জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দ্য জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ, অন্ দ্য জব ট্রেনিং এর ব্যবস্থা আছে। কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ৩ জন (দুর্নীতি দমন কমিশনের ১ জন পরিচালক ও ২ জন উপপরিচালক ১০-১৪ ফেব্রুয়ারি ২০১৪ মেয়াদে ভারতের নয়া দিল্লীতে অনুষ্ঠিত '7th INTERPOL Global Programme on Anti-corruption, Financial Crime and Asset Recovery' শীর্ষক কর্মসূচিতে অংশগ্রগণ করেন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার ০৪টি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০১টি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০১টি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ০৪টি এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ০৪টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সার্কুলেশনের মাধ্যমে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০২টি প্রস্তাব অনুমোদিত হয়।

(২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৬ অনুচ্ছেদের (২) দফা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ২৬ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে জনাব আবুল হাসান মাহমুদ আলী-কে মন্ত্রী এবং জনাব মোহাম্মদ নজরুল ইসলাম-কে প্রতিমন্ত্রী পদে নিয়োগ দান করেন। এ সংক্রান্ত ২৬ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের প্রজ্ঞাপন সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

(৩) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী রুলস অব বিজনেস, ১৯৯৬-এর রুল ৩(4)-এ প্রদত্ত ক্ষমতাবলে মন্ত্রী, জনাব আবুল হাসান মাহমুদ আলী-কে পররাষ্ট্র মন্ত্রণালয়; প্রতিমন্ত্রী, জনাব মোহাম্মদ নজরুল ইসলাম-কে পানি সম্পদ মন্ত্রণালয় এবং উপমন্ত্রী, জনাব আবদুল্লাহ আল ইসলাম জ্যাকব-কে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের দায়িত্ব বণ্টন/পুনর্বণ্টন করেন। এ সংক্রান্ত ২৬ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের প্রজ্ঞাপন সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

৯।৩।২০১৪

(৪) মন্ত্রিপরিষদ বিভাগের ১২ জানুয়ারি ২০১৪ তারিখের প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী রুলস অব বিজনেস, ১৯৯৬-এর রুল ৩(৪)-এ প্রদত্ত ক্ষমতাবলে জনাব আবদুল লতিফ সিদ্দিকী, মন্ত্রী-কে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং জনাব জুনাইদ আহ্‌মেদ পলক, প্রতিমন্ত্রী-কে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের দায়িত্ব বণ্টন/পুনর্বণ্টন করেন। এ সংক্রান্ত ১১ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের প্রজ্ঞাপন সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

(৫) সরকারের অবসরপ্রাপ্ত রাষ্ট্রদূত জনাব মোহাম্মদ জিয়াউদ্দিনকে প্রতিমন্ত্রীর পদমর্যাদায় অ্যামবাস্যাডর-অ্যাট-লার্জ হিসাবে নিয়োগ সংক্রান্ত ১০ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের প্রজ্ঞাপন সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

(৬) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে গত ১৪ ও ২৭ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর ২টি সার-সংক্ষেপ প্রেরণ করা হয়।

(৭) ১৯৮৭ সালে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ-বৈঠকের কার্যবিবরণী, সারসংক্ষেপ ও বিজ্ঞপ্তিসমূহের মোট ০৮ খন্ড রেকর্ড মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ১১ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর-এর নিকট হস্তান্তর করা হয়।

(৮) 'একুশে পদক ২০১৪' প্রদানের লক্ষ্যে ০৬ ফেব্রুয়ারি ২০১৪ তারিখ, 'স্বাধীনতা পদক ২০১৪' প্রদানের লক্ষ্যে ২৩ ফেব্রুয়ারি ২০১৪ তারিখ জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা এবং ০৯ ফেব্রুয়ারি ২০১৪ তারিখ আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(৯) ১৩ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার), জাতীয় প্রশিক্ষণ কাউন্সিল এবং নিরাপদ সড়ক সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিসমূহ গঠিত হয়।

(১০) ১৩ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভায় ৩০টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(১১) নন-ট্যাক্স রেভিনিউ (এনটিআর) ও নন-এনবিআর ট্যাক্স আইটেমসমূহের বিদ্যমান রেইটসংক্রান্ত তথ্যাদি ০৬ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়।

(১২) ১০ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের এস.আর.ও নম্বর ২৪ ও ২৫ দ্বারা Rules of Business, 1996-এর Schedule-I (Allocation of Business among the different Ministries and Division)-এ ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়-কে একীভূত করে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় নামে পুনর্গঠনক্রমে এর আওতায় ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ নামে দু'টি বিভাগ গঠন এবং বিভাগ দু'টির কার্যতালিকা নির্ধারণ করা হয়।

(১৩) ১৯ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের এস.আর.ও নম্বর ২৯-আইন/২০১৪ দ্বারা Rules of Business, 1996-এর Schedule-I (Allocation of Business among the different Ministries and Division)-এ স্থানীয় সরকার বিভাগের কার্যতালিকা সংশোধন করা হয়।

(১৪) প্রতিবেদনধীন মাসে সারাদেশে সর্বোচ্চ সংখ্যক মোবাইল কোর্ট পরিচালনা, সর্বোচ্চ সংখ্যক মামলা নিষ্পত্তি ও সর্বোচ্চ সংখ্যক জরিমানা আদায়ের জন্য যথাক্রমে বগুড়া, রাজশাহী ও ঝিনাইদহ জেলার জেলা ম্যাজিস্ট্রেটগণকে ১১ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের ২৬ নম্বর স্মারকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

(১৫) ঢাকা বিভাগের গাজীপুর জেলায় সংঘটিত স্পর্শকাতর/ চাঞ্চল্যকর ঘটনার প্রেক্ষিতে ২০ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের ৩৪ নম্বর স্মারকে, খুলনা ও কুষ্টিয়া জেলায় সংঘটিত স্পর্শকাতর/ চাঞ্চল্যকর ঘটনার প্রেক্ষিতে ২৪ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের ৩৭ নম্বর স্মারকে, ঢাকা বিভাগের মাদারিপুর ও নরসিংদী জেলায় সংঘটিত স্পর্শকাতর/ চাঞ্চল্যকর ঘটনার প্রেক্ষিতে ২৪ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের ৩৯ নম্বর স্মারকে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র দেওয়া হয়।

(১৬) চতুর্থ উপজেলা নির্বাচনের দ্বিতীয় দফা ভোটগ্রহণকে কেন্দ্র করে সংখ্যালঘু অধ্যুষিত কেন্দ্রসমূহে সম্ভাব্য গোলযোগ সর্ম্পকে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত ২৬ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের ৪২ নম্বর স্মারকে সকল জেলা প্রশাসক বরাবর পত্র দেওয়া হয়।

(১৭) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশীটভুক্ত ৩৯ জন, বিজ্ঞ আদালতে এফআরটি গৃহীত হওয়ায় ০৮ জন, নথিভুক্তির সংখ্যা ১২২ জন, ০৩ জন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশসহ তদন্তে অপরাধ প্রমাণিত না হওয়ায় ০৩ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন তারিখ ও স্মারকের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(১৮) শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে বিভিন্ন আইনে ৭৪ জন কর্মকর্তাকে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণ করা হয়।

(১৯) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ প্রতিবেদনাধীন মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। এজন্য প্রমাপ অর্জনকারী কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপনসহ প্রমাপ অর্জনের এই ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসের KPI-এর লক্ষমাত্রা অর্জিত হয়।

(২০) চতুর্থ উপজেলা পরিষদ নির্বাচন পরবর্তী সহিংসতা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসককে অনুরোধ করা হয়।

(২১) দশম জাতীয় সংসদের ১৩৭ টাঙ্গাইল-৮ নির্বাচনী এলাকার শূন্য ঘোষিত আসনের উপনির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ এবং নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদানের জন্য ২টি পরিপত্র জারি করা হয়। প্রতিবেদনাধীন মাসে বিভিন্ন স্মারকে ১৭টি পত্র জারি করা হয়। এ মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ০৮ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। অভিযোগসমূহের মধ্যে ৫ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(২২) অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ মোতাবেক বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(২৩) সর্বাধিক জনগণের অংশগ্রহণে সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে 'Guinness Book of World Record' এ বাংলাদেশের নাম সংযোজনের বিষয়ে ১৭ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৪) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৪ উদ্‌যাপনের বিষয়ে ২৬ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে সকল বিভাগীয় কমিশনার এবং সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়। স্বাধীনতা পুরস্কার ২০১৪-এর স্বর্ণপদক তৈরি সংক্রান্ত কার্যক্রম চলমান আছে।

(২৫) দশম জাতীয় সংসদের অধিবেশন চলাকালীন বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সংসদ বিষয়ক যাবতীয় কার্য সম্পাদন সংক্রান্ত ১১ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের প্রজ্ঞাপন সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

(২৬) জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা এবং পরবর্তী করণীয় নির্ধারণের জন্য ১০টি মন্ত্রণালয়/বিভাগ এবং চিহ্নিত সংস্থার ফোকাল পয়েন্টগণের অংশগ্রহণে একটি মতবিনিময় সভা ২৭ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে অনুষ্ঠিত হয়।

(২৭) এ বিভাগের প্রথম ও দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা এবং তৃতীয় শ্রেণির কর্মচারীদের অ্যাডভান্স হার্ডওয়্যার, সফট্‌ওয়্যার ও ইউনিকোডের উপর In House প্রশিক্ষণের মডিউল প্রস্তুত করা হয়।

(২৮) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ভিডিও কনফারেন্সিং সিস্টেমকে মন্ত্রিপরিষদ বিভাগের ভিডিও কনফারেন্সিং সিস্টেম-এর নেটওয়ার্কের সঙ্গে সংযুক্ত করার অনুমতি প্রদান করা হয়।

(২৯) 'সাপোর্টিং দ্য গুড গভর্ন্যান্স প্রোগ্রাম' শীর্ষক কর্মসূচির অবাস্তবায়িত শর্ত বাস্তবায়ন করার জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ এবং আইন ও বিচার বিভাগে পত্র প্রেরণ করা হয়।

৯/৩/২০১৪

গ. আগামী দুই মাসে (মার্চ-এপ্রিল) মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৬) স্বাধীনতা পুরস্কার প্রদান অনুষ্ঠান।